দৈনিক সংবাদ 1243
তারিখ 01 JUN 1994
পৃষ্ঠা ৫ কলাম ৩

# মাদারীপুরে ২২ সহস্রাধিক শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

।। সাজ্জাদ হোসেন সবুজ ।।

মাদারীপুর, ৩১শে মে।– সরকার প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করা সত্ত্বেও মাদারীপুর জেলার চারটি থানায় বর্তমানে ২২ হাজারেরও বেশি শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত রয়েছে।

সংশ্লিষ্ট বিভাগ সূত্রে জানা যায়, জেলার চারটি থানায় বর্তমানে প্রাথমিক বিদ্যালয়ে গমন উপযোগী ৬ থেকে ১০ বছর বয়সের বালক–বালিকার মোট সংখ্যা হচ্ছে ঃ ১ লাখ ৬৬ হাজার ৩শ' ৫৪ জন। এর মধ্যে বালকের সংখ্যা ৮৮ হাজার ৮শ' ৯৯ জন এবং বালিকার সংখ্যা ৭৭ হাজার ৪শ' ৫৫ জন। কিন্তু জেলার ৪শ' ৩৭টি সরকারী ও ১শ' ৮৫টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে বর্তমানে মোট ১ লাখ ৪৩ হাজার ৯শ' ৮৪ জন বালক–বালিকা লেখাপড়া করছে। অর্থাৎ ২২ হাজার ৩শ' ৭০ জন বালক–বালিকা প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত রয়েছে। এর মধ্যে বালকের সংখ্যা হচ্ছে ঃ ১১ হাজার ১শ' ৯৩ জন এবং বালিকার সংখ্যা ১১ হাজার ১শ' ৭৭ জন।

থানাওয়ারী পরিসংখ্যানে দেখা যায়, জেলার রাজৈর থানায় বিদ্যালয়ে গমন উপযোগী বালক–বালিকার সংখ্যা ৩২ হাজার ৩শ' ৯৬। সেখানে গমন করছে ২৭ হাজার ৮৯ জন। অর্থাৎ শিক্ষা থেকে বঞ্চিত ৫ হাজার ৩শ' ৭ জন। শিবচর থানায় গমনোপযোগী বালক–বালিকার সংখ্যা ৪৩ হাজার ৯শ' ৬৮ জন। সেখানে যাচ্ছে ৩৬ হাজার ৩শ' ৭১ জন। অর্থাৎ শিক্ষা থেকে বঞ্চিত রয়েছে ৭ হাজার ৫শ' ৯৭ জন। কালকিনি থানায় গমনোপযোগী বালক–বালিকার সংখ্যা ৪২ হাজার ১ জন। সেখানে যাচ্ছে ৩৫ হাজার ৬শ' ৭১ জন। অর্থাৎ শিক্ষা থেকে বঞ্চিত রয়েছে ৬ হাজার ৩শ' ৩০ জন এবং মাদারীপুর সদর থানায় বিদ্যালয়ে গমনোপযোগী বালক–বালিকার সংখ্যা ৪৭ হাজার ৯শ' ৮৯ জন। সেখানে যাচ্ছে ৪৪ হাজার ৮শ' ৫৩ জন। অর্থাৎ শিক্ষা থেকে বঞ্চিত রয়েছে ৩ হাজার ১শ' ৩৬ জন।

অভিভাবকদের অসচেতনতা ও আর্থিক দূরবস্থাসহ বিভিন্ন কারণে জেলায় এখনও ২২ হাজারের বেশি শিশু শিক্ষার আলো থেকে পুরোপুরি বঞ্চিত রয়েছে।